সমকাল

তারিখ 18 MAY 2015
পৃষ্ঠা ২২ কলাম ৩

# ইবিতে পিস্তল ঠেকিয়ে মুক্তিযোদ্ধা সনদ ছিনতাইয়ের অভিযোগ

■ ইবি প্রতিনিধি

ইসলামী বিশ্ববিদ্যালয়ে (ইবি) ভর্তিচ্ছু এক শিক্ষার্থীর মাথায় পিস্তল ঠেকিয়ে ছাত্রলীগ নেতাকর্মীরা মুক্তিযোদ্ধা সনদ ছিনিয়ে নিয়েছে বলে অভিযোগ পাওয়া গেছে। রোববার বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় অনুষদ ভবনে বিশেষ কোটায় ভর্তি চলাকালে এ ঘটনা ঘটে। ব্যবস্থাপনা বিভাগের সভাপতি অধ্যাপক ড. মাহবুবুল আরফিনের কাছে ওই শিক্ষার্থী অভিযোগ করলে ঘটনাটি জানাজানি হয়।

গতকাল ব্যবসায় প্রশাসন অনুষদের ব্যবস্থাপনা বিভাগের সভাপতির কক্ষে বিশেষ কোটায় ভর্তি সাক্ষাৎকার চলছিল। মহসিন হোসাইন বিশেষ কোটায় (মুক্তিযোদ্ধা) ভর্তিচ্ছু একজন শিক্ষার্থী। তিনি ভর্তির সাক্ষাৎকারের জন্য অপেক্ষা করছিলেন। ভর্তিচ্ছু মহসিনের অভিযোগ, দুপুর সাড়ে ১২টার দিকে বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের নেতা ও কম্পিউটার সায়েন্স বিভাগের ২০০৯-১০ শিক্ষাবর্ষের ছাত্র শিশির ইসলাম বাবু ও তার সহযোগীরা তার কাছ থেকে মুক্তিযোদ্ধা সনদসহ অন্যান্য কাগজপত্র ছিনিয়ে নেয় এবং মাথায় দুটি পিস্তল ঠেকিয়ে ভয় দেখায়।

অভিযোগ রয়েছে, বাবু ও তার সহযোগীরা মহসিনকে প্রায় আধঘণ্টা ধরে ব্যবসায় প্রশাসন অনুষদের বাথরুমে আটকে রাখে। বিষয়টি কাউকে না বলার শর্তে তাকে পরে ছেড়ে দেওয়া হয়। বাথরুম থেকে ছাড়া পাওয়ার পর মহসিন বিষয়টি ড. মাহবুবুল আরফিনকে জানালে তিনি বিষয়টি প্রক্টরিয়াল বডিকে জানান।

বিশ্ববিদ্যালয়ের ব্যবস্থাপনা বিভাগের সভাপতি অধ্যাপক ড. মাহবুবুল আরফিন সমকালকে বলেন, 'ছেলেটি আমার কাছে মৌখিক অভিযোগ করেছিল। আমি তাকে এ বিষয়ে লিখিত অভিযোগ দিতে বলেছি।'

প্রক্টর অধ্যাপক ড. ত ম লোকমান হাকিম সমকালকে বলেন, 'ছেলেটিকে লিখিত অভিযোগ দিতে বলেছি। অভিযোগের বিষয়ে জানতে চাইলে ছাত্রলীগ নেতা শিশির ইসলাম বাবু সমকালকে বলেন, 'আমার বিরুদ্ধে অভিযোগ সঠিক নয়। প্রকৃত বিষয় হলো, আমি ব্যবসায় প্রশাসন অনুষদে আমারই এক ছোট ভাইকে ছাড়িয়ে আনতে গিয়েছিলাম। কে বা কারা তাকে ব্যবসায় অনুষদের বাথরুমে আটকে রেখেছিল বলে আমাকে খবর দেওয়া হয়েছিল। মহসিন নামের কোনো ছেলের সঙ্গে আমার কথা হয়নি।'